



বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি
Bangladesh Class-III Govt. Employees Association
(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

সভাপতিঃ মোঃ মাহফুজুর রহমান
মোবাইলঃ ০১৭১৫-৬৬৫৫৪৬
মহাসচিবঃ মোঃ লুৎফর রহমান
মোবাইলঃ ০১৯২২-১১৭৫০১

স্মারক নংঃ বাভসকস/ ২০১৩/২৭

তারিখঃ ১৮ এপ্রিল, ২০১৩খ্রিঃ।

বরাবর

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ,
রমনা, ঢাকা।

বিষয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সমীপে স্মারক লিপি প্রদান প্রসঙ্গে।

জ্ঞাব

উপর্যুক্ত বিষয়ে যথাযথ সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, গত ২০/০৪/২০১৩ তারিখে সংবাদ সম্মেলনে ঘোষিত কর্মসূচী মোতাবেক বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির পক্ষ হতে আগামী ৩০/০৪/২০১৩ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সমীপে সরকারি কর্মচারীদের বেতনভাতা বৃদ্ধির দাবী সম্বলিত স্মারক লিপি প্রদান করা হবে।

স্মারক লিপি প্রদান উপলক্ষে সকাল ১০.০০ ঘটিকায় ইনস্টিটিউশন অব ইন্ডিয়ান বাংলাদেশ (IEB) রমনা, ঢাকার সম্মুখ সড়কের পাশে একত্রিত হয়ে সকাল ১০.৩০ ঘটিকায় স্মারক লিপি প্রদানের উদ্দেশ্যে শান্তিপ্রিয় রাস্তা/শোভাযাত্রা আকারে যাত্রা শুরু হবে। অংশগ্রহণকারীগণ যেহেতু সরকারি কর্মচারী তায় রাস্তা/শোভাযাত্রাকালে কোন প্রকার বিশৃঙ্খলা হবার সম্ভাবনা নেই।

অতএব, আপনার সমীপে বিনীত আবেদন এই যে, আগামী ৩০/০৪/২০১৩ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় স্মারক লিপি প্রদান শান্তিপ্রিয় কর্মসূচী পালনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ৩(তিন) পাতা।



(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব
০১৯২২-১১৭৫০১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ০১। ডেপুটি পুলিশ কমিশনার (ডিসি), ডিএমপি, আউটার সার্কুলার রোড, ঢাকা (সংযুক্তঃ ৩ পাতা)।
- ০২। সহকারী পুলিশ কমিশনার (এসি), রমনা ডিএমপি, রমনা, ঢাকা (সংযুক্তঃ ৩ পাতা)।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শাহবাগ থানা, ডিএমপি, ঢাকা (সংযুক্তঃ ৩ পাতা)।



ক-১০৬৫৪
১৬-৪-১৬
R.T.



(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব